



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কারমাইকেল কলেজ, রংপুর।



নম্বর: ২৫৮


তারিখ: ২৯ শ্রাবণ ১৪২৭
১৩ আগস্ট ২০২০

বিজ্ঞপ্তি

বিষয়: জেলাভিত্তিক শিল্প প্রতিষ্ঠান, দক্ষতা উন্নয়নমূলক প্রতিষ্ঠান ও বেকার যুবকদের মধ্যে ম্যাচমেকিং কর্মশালা আয়োজনের পূর্বে জাতীয় দক্ষতা বাতায়ন-এ নিবন্ধন প্রসঙ্গে।

এই কলেজে অধ্যয়নরত স্নাতক/ স্নাতকোত্তর শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি শক্তিশালী মধ্যম আয়ের রাষ্ট্র, ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জন ও ২০৪১ সালের মধ্যে উন্নত রাষ্ট্র মর্যাদা লাভের জন্য দক্ষ যুবশক্তির কোন বিকল্প নেই। তারুণ্যের শক্তিকে যথাযথভাবে কাজে লাগানোর লক্ষ্যে “জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালা ২০১১” ও “জাতীয় যুব নীতিমালা ২০১৭” এর আলোকে এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রামের তরফ থেকে নানাবিধ দক্ষতা উন্নয়নমূলক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এই উদ্যোগের আওতায় আগ্রহী শিক্ষার্থীদের জাতীয় দক্ষতা বাতায়নে (www.skills.gov.bd) মাধ্যমে নিবন্ধন করার জন্য বলা হলো।

বিষয়টি অতীব জরুরি।


13.08.2020
(প্রফেসর ড. মোঃ আমজাদ হোসেন)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
কারমাইকেল কলেজ, রংপুর
(প্রফেসর ড. মোঃ আমজাদ হোসেন-১০১৮)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
কারমাইকেল কলেজ, রংপুর।

12.08.2020
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
কারমাইকেল কলেজ, রংপুর
২১/৮/২০

কারমাইকেল কলেজ রংপুর
ডায়েরী নম্বর ৬০৪
তারিখ ২১/৮/২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
(আইসিটি শাখা)।

www.rangpur.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৮৫০০.০২৫.০১.০২০.১৯. ৫৬

তারিখ-০৯/০৮/২০২০

বিষয়: জেলাভিত্তিক শিল্প-প্রতিষ্ঠান, দক্ষতা উন্নয়নমূলক প্রতিষ্ঠান ও বেকার যুবকদের মধ্যে ম্যাচমেকিং কর্মশালা আয়োজনের পূর্বে জাতীয় দক্ষতা বাতায়ন-এ নিবন্ধন প্রসঙ্গে।

সূত্র: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২৬ জুলাই ২০২০ তারিখের ৫৬.৪২.০০০০.০১৮.২৫.০০১.২০.২সংখ্যক স্মারক পত্র।

২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি শক্তিশালী মধ্যম আয়ের রাষ্ট্র, ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জন ও ২০৪১ সালের মধ্যে উন্নত রাষ্ট্রের মর্যাদা লাভের জন্য দক্ষ যুবশক্তির কোন বিকল্প নেই। তারুণ্যের শক্তিকে যথাযথভাবে কাজে লাগানোর লক্ষ্যে “জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালা ২০১১” ও “জাতীয় যুব নীতিমালা ২০১৭” এর আলোকে এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রামের তরফ থেকে নানাবিধ দক্ষতা উন্নয়নমূলক উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর মধ্যে জেলা প্রশাসনের উদ্যোগে ও এটুআই এর সহযোগিতায় “বেকারমুক্ত” জেলা -এর উদ্যোগ অন্যতম।

২। এই উদ্যোগের আওতায় জাতীয় দক্ষতা বাতায়নের মাধ্যমে জেলার শিল্প-প্রতিষ্ঠানসমূহের মানবসম্পদ চাহিদা গ্রহণ করে সরকারি-বেসরকারি দক্ষতা উন্নয়নমূলক প্রতিষ্ঠান সমূহকে সে আলোকে প্রস্তুত করা হয়। এরপর বাজারমুখী দক্ষতা উন্নয়ন কার্যক্রম গ্রহণ করে দক্ষতা উন্নয়ন শেষে শিল্প-প্রতিষ্ঠানের সহযোগিতায় জব ফেয়ার বা চাকুরী মেলা আয়োজন করা হয়। এতে করে সাপ্লাই সাইড (দক্ষতা উন্নয়নমূলক প্রতিষ্ঠান) ও ডিমান্ড সাইড (শিল্প-প্রতিষ্ঠান) এর মধ্যে সম্পর্ক রচিত হয় এবং দক্ষতা গ্রহণকারী বেকার যুবকগণ প্রশিক্ষণের পরেই চাকুরিতে যুক্ত হতে পারেন। দেশের সকল জেলায় বর্ণিত উদ্যোগটি বাস্তবায়নে এটুআই সার্বিক সহযোগিতা করবে।

৩। এক্ষেত্রে স্ব স্ব জেলার আওতাধীন সরকারি-বেসরকারি দক্ষতা উন্নয়নমূলক প্রতিষ্ঠান, শিল্প-প্রতিষ্ঠান বেকার যুবকদের সমন্বয়ে সুবিধাজনক সময়ে ম্যাচমেকিং কর্মশালা অনলাইনে আয়োজন করা প্রয়োজন। ইতোমধ্যে উক্ত কর্মশালা আয়োজনের ব্যয় জেলা প্রশাসকের কার্যালয় -এর ব্যয় হিসাবের অন্তর্ভুক্ত প্রেরণ করা হয়েছে। উক্ত কর্মশালা আয়োজনের পূর্বে জাতীয় দক্ষতা বাতায়ন (www.skills.gov.bd) -এ স্ব স্ব জেলার সকল শিল্প-প্রতিষ্ঠান, সরকারি-বেসরকারি প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান ও জাতীয় বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য বিশ্ববিদ্যালয়- এর গ্রাজুয়েটদের নিবন্ধন আবশ্যিক।

এসতাবস্থায় আপনার প্রতিষ্ঠানের স্নাতক/স্নাতকোত্তর ছাত্রছাত্রীদের জাতীয় দক্ষতা বাতায়নে (www.skills.gov.bd) নিবন্ধন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ

.....
.....

মোঃ আরাফাত রহমান

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর

adceduictrrangpur@mopa.gov.bd